

COVID-19 – কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক তথ্য

এই সত্যপত্রটি আপনার কর্মক্ষেত্রে COVID-19 নিরাপদ করার জন্য আপনাকে সাহায্য করবে। অন্যান্য [COVID-19-এর তথ্য আপনার ভাষাতেও](#) পাওয়া যায়।

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা (ওয়ার্ক হেলথ অ্যান্ড সেফটি) আইনগুলো আপনাকে আপনার কর্মক্ষেত্রে আপনার নিজেসহ, স্টাফ, কন্ট্রাক্টর, কাস্টমার আপনার কর্মী ও অন্যান্যদের স্বাস্থ্য, নিরাপত্তা এবং কল্যাণের প্রতি যত্ন নিতে আদেশ দেয়। আপনাকে অবশ্যই স্বাস্থ্য ও নিরাপত্তার ঝুঁকিগুলোকে যতটা সম্ভব সরাতে বা কমিতে ফেলতে হবে। এটিই আইন।

পরিকল্পনা এবং যোগাযোগ করুন

আপনাকে অবশ্যই আপনার কর্মক্ষেত্রে COVID-19-এর বহিঃপ্রকাশের ঝুঁকির ব্যবস্থা নিতে হবে। কর্মীদেরকে নিরাপদ রাখতে আপনাকে আপনার কর্মক্ষেত্রে একটি পরিকল্পনা করতে হবে যার মধ্যে শারীরিক দূরত্ব, স্বাস্থ্যবিধি এবং পরিষ্কার পরিচ্ছন্নতা অন্তর্ভুক্ত।

আপনার পরিকল্পনাটি কার্যকর কিনা তা নিশ্চিত করতে আপনাকে আরো যা করতে হবে তা হলোঃ

- বিশ্বাসযোগ্য উৎস থেকে সাম্প্রতিক তথ্যগুলোতে আপ টু ডেট থাকুন। আপনার সেট ও টেরিটোরিতে [গণ স্বাস্থ্য নির্দেশনাগুলো](#) আপনার মতো ব্যবসায়ীদের জন্য বিধিনিষেধ ও আবশ্যিকতাগুলোর নীতি অন্তর্ভুক্ত করে।
- আপনার কর্মক্ষেত্রে COVID থাকলে আপনি কী করবেন তার জন্য প্রস্তুত থাকুন।
- আপনি যে উপায়ে কাজ করে থাকেন তাতে পরিবর্তনের কারণে কোন ঝুঁকি আছে কিনা তা বিবেচনায় আনুন (যেমনঃ কাস্টমারের আক্রমণ, বা কর্মীদের বিচ্ছিন্ন হওয়া)।
- আপনার কর্মীদের সাথে কথা বলুন এবং তাঁদের উদ্বেগ নিয়ে চিন্তা করুন
- স্টাফদের প্রশিক্ষণ দিন এবং কী করতে হবে তা সবাই যেন জানে সে ব্যাপারটি নিশ্চিত করুন।
- COVID-19-এর ঝুঁকিগুলো ও এর বিস্তার কীভাবে থামানো যায় সে ব্যাপারে মানুষদের মনে করিয়ে দিতে [সাইন ও পোস্টার](#) লাগান।

COVID-19-এর বিস্তার থামান

- আপনি বা আপনার কর্মীরা অসুস্থ (জ্বর, কাশি, গলা ব্যথা এবং নিঃশ্বাসের স্বল্পতা) হলে অবশ্যই বাড়ীতে থাকতে হবে।

- মানুষরা যাতে ১.৫ মিটার দূরত্ব বজায় রাখেন তা নিশ্চিত করুন।
- কর্মীরা যেন ঘনঘন তাঁদের হাত সাবান ও পানি দিয়ে ধোঁত করেন বা অ্যালকোহলভিত্তিক হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করেন সে ব্যাপারে তাঁদের উৎসাহিত করুন।
- কর্মীদেরকে ভালো স্বাস্থ্যবিধি মেনে চলতে এবং কাশি ও হাঁচি যেন তাঁদের কনুইতে দেন সে বিষয়ে উৎসাহিত করুন।
- আপনার কর্মক্ষেত্রে যেন নিয়মিতভাবে পরিষ্কার ও জীবানুমুক্ত করা হয় তা নিশ্চিত করুন। বারংবার স্পর্শ করা হয় এমন পৃষ্ঠতলগুলো ঘনঘন পরিষ্কার করুন।
- কর্মীদের জন্য ব্যক্তিগত সুরক্ষা উপকরণ (যেমন হাতমোজা এবং মাস্ক) রাখুন, যদি তাঁদের প্রয়োজন হয়।

পুনঃমূল্যায়ন

- আপনার পরিকল্পনাটি কাজ করছে কিনা তা নিয়মিতভাবে পুনঃমূল্যায়ন করুন এবং কর্মীদেরকে COVID-19 নিরাপদ রাখুন।
- যদি কোন নতুন ঝুঁকির উত্থান ঘটে, তবে অতিরিক্ত নতুন কোন ব্যবস্থা নেবার প্রয়োজন হলে তা বিবেচনা করুন।

COVID-19 এবং কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে আরো তথ্যের জন্য, [Safe Work Australia](#) ওয়েবসাইটটিতে যান।

কর্মক্ষেত্রে স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ে আরো সত্য পত্রের জন্য [COVID-19 Information in your language](#) ওয়েবসাইটটিতে যান।

স্বাস্থ্য তথ্যের জন্য [health.gov.au](#) ওয়েবসাইটটিতে যান।

আপনার কর্মক্ষেত্রের সাথে প্রয়োজ্য নির্দিষ্ট প্রাসঙ্গিক তথ্যের জন্য অনুগ্রহ করে [WHS regulator in your state or territory](#) ওয়েবসাইটটিতে যান।